



ভাষা ফাউন্ডেশনের উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা কার্যক্রম - ME TV BD

Home / বাংলাদেশ / ভাষা ফাউন্ডেশনের উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা কার্যক্রম

ভাষা ফাউন্ডেশনের উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা কার্যক্রম



স্টাফ করেসপন্ডেন্ট:-

চট্টগ্রামের বেসরকারী উন্নয়ন সংস্থা (এনজিও) ভোলান্টারী এক্টিভিটিস ফর সোস্যাল এন্ড হিউম্যান এডভান্সম্যান্ট ফাউন্ডেশন (ভাষা ফাউন্ডেশন) গত ৪ ফেব্রুয়ারি শুক্রবার কাজীর দেউড়ী কাজীপাড়া ও ধোপাপাড়া এলাকায় বিনামূল্যে গরীব ও দুঃস্থ মানুষের মাঝে চিকিৎসা সেবা কার্যক্রম পরিচালনা করেছে। সরকারী ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী সদর হাসপাতালের সহকারী রেজিস্ট্রার ও বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ অনুপম মজুমদারের নেতৃত্বে এই চিকিৎসা কার্যক্রম পরিচালিত হয়।

এই কার্যক্রমে শতাধিক সুবিধা বঞ্চিত নারী, শিশু ও পুরুষকে বিনামূল্যে চিকিৎসা দেয়া হয়। চিকিৎসা সেবার শুরুতে ভাষা ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা পরিমল কান্তি পাল করোনা মহামারী পরিস্থিতিতে করোনা প্রতিরোধ সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য রাখেন। বক্তব্যে তিনি আরো বলেন, বিনামূল্যে চিকিৎসা সেবা ফাউন্ডেশনের একটি চলমান কার্যক্রম। প্রতিষ্ঠানটি দারিদ্রপীড়িত বিভিন্ন এলাকায় গরীব ও দুঃস্থ রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা ক্যাম্প পরিচালিত করে। স্বৈচ্ছাসেবামূলক এই কার্যক্রমে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভাষা ফাউন্ডেশনের নির্বাহী সদস্য মোঃ এমরান হোসেন, অফিসার মিঠুন দাশ, মোঃ মানিক, মোঃ রেজাউল করিম, প্রঞ্জল সাহা প্রমুখ।